



## পুলিশ প্রশাসনে শীর্ষ পর্যায়ে বদলি শুরু: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

পুলিশ বাহিনীর উচ্চপর্যায়ে পরিবর্তনের প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ।

রোববার (২২ ফেব্রুয়ারি) সচিবালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে রাষ্ট্রপতি আগামী ১২ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আহ্বান করবেন। ওই অধিবেশনে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন সম্পন্ন হবে। একই সঙ্গে অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা অধ্যাদেশগুলো সংসদে উপস্থাপন করা হবে।

নতুন রাষ্ট্রপতি নির্বাচনের বিষয়ে কোনো আলোচনা হয়েছে কি না— এমন প্রশ্নে তিনি জানান, এ নিয়ে এখনো কোনো সিদ্ধান্ত বা আনুষ্ঠানিক আলোচনা হয়নি। স্পিকার ও ডেপুটি স্পিকারের বিষয়টি অধিবেশনেই চূড়ান্ত হবে বলেও উল্লেখ করেন তিনি।

এদিকে শনিবার রাতে রাজধানীর আদাবরে ঘটে যাওয়া ঘটনার বিষয়ে দ্রুত পদক্ষেপ নেওয়া হবে বলেও আশুস্ত করেন স্বরাষ্ট্রমন্ত্রী।